# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date: 23-05-2026
# Time: 07:55-08:05 PM Hrs
# BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের যুবসমাজকে বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে আরও দায়িত্বশীল ও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানিয়েছেন।**

**(২) রাজ্যে সরকারি ডিগ্রী কলেজগুলিতে স্নাতক পাঠক্রমে প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া আগামী ২৯ শে মে থেকে শুরু হচ্ছে।**

**(৩) সরকার বৃহত্তর জনমত গ্রহণের জন্য ভিবি-জি রাম জি আইন, ২০২৫-এর খসড়া বিধিমালা আজ প্রকাশ করেছে।**

**(৪) টিসিএ পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৪টি খেলা হয়।**

*************************************************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের যুবসমাজকে বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে আরও দায়িত্বশীল ও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানিয়েছেন। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৯তম রোজগার মেলায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশের কর্মযোগীদের উপর জনগণের আস্থা রয়েছে এবং নিষ্ঠা, সঠিক আচরণ ও দায়িত্ববোধের মাধ্যমে সেই আস্থা আরও শক্তিশালী করা তাঁদের কর্তব্য। তিনি উল্লেখ করেন, বিশ্বের বিভিন্ন দেশ ভারতের উন্নয়ন যাত্রার অংশীদার হতে আগ্রহী। যুবকদের জন্য কর্মসংস্থান, সুযোগ ও আন্তর্জাতিক অভিজ্ঞতা তৈরি করতে ভারত নানা দেশের সঙ্গে অংশীদারিত্ব

গড়ে তুলছে এবং বিশ্বে একটি নির্ভরযোগ্য সাপ্লাই চেইন পার্টনার হিসেবে উঠে আসছে।

########## Byte PM ##########

ভার্চুয়ালি এই অনুষ্ঠানে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেন, রোজগার মেলার ফলে শুধু সরকারি চাকরিতে নিয়োগের সংখ্যাই বাড়েনি, বরং নিয়োগ ব্যবস্থায় স্বচ্ছতাও এসেছে। দেশজুড়ে এর আগে ১৮টি রোজগার মেলার মধ্যে দিয়ে প্রায় ১২ লক্ষ নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

আজ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়।

***************************

**RBI Surplus Transfer:**

২০২৫-২৬ অর্থবর্ষের জন্য কেন্দ্রীয় সরকারকে রেকর্ড ২ লক্ষ ৮৬ হাজার ৫৮৮ কোটি টাকা উদ্বৃত্ত লভ্যাংশ দেওয়ার অনুমোদন দিয়েছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। গতকাল মুম্বাইতে গভর্নর সঞ্জয় মালহোত্রার সভাপতিত্বে ব্যাঙ্কের পরিচালনা পর্ষদের ৬২৩ তম বৈঠকে এই ঐতিহাসিক সিদ্ধান্ত নেওয়া হয়।

রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে, গত অর্থবর্ষের তুলনায় তাদের মোট আয় ২৬.৪২ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং ব্যালেন্স শিটের বহর ২০.৬১ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৯১ লক্ষ ৯৭ হাজার ১২১ কোটি টাকা।

***************************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, মাউন্ট এভারেস্ট জয়ে ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ-এর প্রথম মহিলা পর্বতারোহণকারী দলকে অভিনন্দন জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন, চরম দুর্গম এলাকা এবং প্রতিকূল আবহাওয়ার মধ্যেও এই অসাধারণ সাফল্য অর্জন করে আইটিবিপি-র এই দল 'স্বার্থের আগে দেশ' মূলমন্ত্রকে সম্মান জানিয়েছে।

***************************

**College – Admission:**

রাজ্যে সরকারি ডিগ্রী কলেজগুলিতে স্নাতক পাঠক্রমে ২০২৬ -২৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া আগামী ২৯ শে মে থেকে শুরু হচ্ছে। ঐদিন থেকে উচ্চশিক্ষা দপ্তরের সমার্থ পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে। আবেদন গ্রহণের শেষ তারিখ সাতই জুন রাত বারোটা পর্যন্ত। প্রথম রাউন্ডে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ করা হবে ১৯ শে জুন। প্রথম রাউন্ডের মেধা তালিকা ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২২ এবং ২৩শে জুন। দ্বিতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ২৪ শে জুন। এর ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২৫ থেকে ২৯ শে জুন পর্যন্ত। তৃতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ৩০ জুন। এই তালিকার  ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ১লা ও দোসরা জুলাই। চতুর্থ রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে তিন জুলাই। এই তালিকার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ৪ থেকে ৬ জুলাই। উচ্চ শিক্ষা দপ্তর সূত্রে আজ এখবর জানা গেছে।

***************************

**Measles Out-break-Unakoti:**

ঊনকোটি জেলার কয়েকটি স্থানে হামের বিক্ষিপ্ত প্রাদুর্ভাব মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। আজ কৈলাশহরে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন ঊনকোটি জেলার জেলা শাসক মেঘা জৈন। তিনি জানান, হামের লক্ষণ বা উপসর্গ এবং এক্ষেত্রে করণীয় বিষয়ে সচেতনতামূলক প্রচার জোরদার

করা হয়েছে। আশাকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য সচেতনতার বার্তা দিচ্ছেন। তাছাড়া কৈলাশহর ইমিগ্ৰেশন চেক-পোষ্টে স্বাস্থ্য দপ্তর থেকে ""হেলফ ডেস্ক", বসানো হয়েছে। প্রতিবেশি দেশ থেকে আগমনের সময় সীমান্তে তাদের স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে। BSF কেও এবিষয়ে তীক্ষ্ম নজরদারি রাখতে বলা হয়েছে৷

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন NHM -এর রাজ্যের যুগ্ম মিশন অধিকর্তা ডাঃ নুপুর দেববর্মা, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিলেন্স মেডিক্যাল অফিসার ডা: রনদীপ সাহা, ঊনকোটি জেলার ভারপ্রাপ্ত CMO ডাঃ সন্দীপন ভট্টাচার্য প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।

এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**VB-G-Ram-G:**

সরকার বৃহত্তর জনমত গ্রহণের জন্য ভিবি-জি রাম জি আইন, ২০২৫-এর খসড়া বিধিমালা আজ প্রকাশ করেছে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, যেকোনো ব্যক্তি, অংশীজন, সংস্থা বা প্রতিষ্ঠান আগামী ২১ জুনের মধ্যে খসড়া বিধিমালাটির উপর আপত্তি বা পরামর্শ জমা দিতে পারবেন।

বিকশিত ভারত-জি রাম জি আইনটি ২০ বছর পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন, ২০০৫-কে প্রতিস্থাপন করেছে। নতুন এই আইনের লক্ষ্য হলো একটি অর্থ বছরে বিধিবদ্ধ কর্মসংস্থান নিশ্চয়তার সময়কাল ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করা। বিকশিত ভারত-জি রাম জি আইনটি আগামী ১লা জুলাই থেকে দেশের সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে কার্যকর হবে|

***************************

**Lightning dead- Unakoti:**

আকস্মিক বজ্রপাতে ঊনকোটি জেলায় আজ ও গতকাল মোট তিনজনের মৃত্যু হয়েছে| আজ দুপুরে পেঁচারথল থানাধীন নবীন ছড়া এলাকায় একই পরিবারের

ভাই-বোনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। নিহত'রা হ'লো - সুমন্ত চাকমা ও মীনা চাকমা| মহকুমা প্রশাসনের পক্ষ থেকে  মৃতদের পরিবারের হাতে কুড়ি হাজার টাকা করে  মোট চল্লিশ হাজার টাকা অন্তবর্তীকালীন সহায়তা প্রদান করেন।

এদিকে, গতকাল কুমারঘাট ব্লকের অধীন লালঝুড়ি এলাকায় আকস্মিক বজ্রপাতে নারায়ণ দে নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। কুমারঘাট মহকুমার ভারপ্রাপ্ত মহকুমা শাসক ডেভিড এল হালাম জানিয়েছেন, নিহত নারায়ন দে’র পরিবার'কেও কুড়ি হাজার টাকা আর্থিক সহায়তা করা হয়েছে|

***************************

**Pandit Dina Dayal Upadhay:**

বিজেপির উদ্যোগে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহা অভিযানের অঙ্গ হিসাবে আজ থেকে বনমালীপুর মন্ডলের উদ্যোগে শুরু হয়েছে দুই দিনের প্রশিক্ষণ শিবির। ধলেশ্বর কামিনী কুমার সিংহ মেমোরিয়াল স্কুলে এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন প্রদেশ বিজেপি সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য।

বিজেপি বাগমা মণ্ডলের উদ্যোগে উদয়পুর পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রে এবং কাঁকড়াবন মণ্ডলের উদ্যোগে ডায়েট কলেজে অনুরূপ প্রশিক্ষণের আয়োজন করা হয়|

তেলিয়ামুড়ার কবি নজরুল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী রায়।

***************************

**National Awards for Empowerment of PWD :**

দেশের দিব্যাঙ্গজনদের অসামান্য কৃতিত্ব এবং তাঁদের ক্ষমতায়নে নিয়োজিত প্রতিষ্ঠানগুলিকে সম্মান জানাতে ভারত সরকারের সামাজিক ন্যায়বিচার ও

ক্ষমতায়ন মন্ত্রক ‘জাতীয় পুরস্কার ২০২৬’-এর আবেদন প্রক্রিয়া শুরু করেছে| প্রতি বছর তেসরা ডিসেম্বর ‘আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস’ উপলক্ষে এই মর্যাদাপূর্ণ বেসামরিক স্বীকৃতিটি প্রদান করা হয়| গত ১৫ই মে থেকে এই পুরস্কারের জন্য রাষ্ট্রীয় পুরস্কার পোর্টাল www.awards.gov.in -এ অনলাইন আবেদন গ্রহণ শুরু হয়েছে| মনোনয়ন বা আবেদনপত্রগুলো শুধুমাত্র অনলাইনেই জমা দিতে হবে এবং পোর্টালটি ৩১শে জুলাই পর্যন্ত খোলা থাকবে। পুরস্কারের বিশদ নির্দেশিকা সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইট www.depwd.gov.in -এ পাওয়া যাবে| সরকারের পক্ষ থেকে যোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে এই কর্মসূচিতে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে|

***************************

**Women Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৪টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় প্রগতি প্লে সেন্টার ৭ উইকেটে জিবি প্লে সেন্টারকে, নরসিংগড়ের পি টি এ মাঠে কর্নেল কোচিং সেন্টারের ৮ উইকেটে বিদ্যাসাগর কোচিং সেন্টারকে, এম বি বি স্টেডিয়ামে মৌচাক ক্লাব ৭৩ রানে ব্রাইট ক্লাবকে এবং মোহনপুরের তালতলা মাঠে এগিয়ে চলো সংঘ ১৩৫ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে পরাজিত করে।

***************************

**State level Under 13 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ ৫টি খেলা হয়। রানীরবাজার মাঠে সোনামুড়া ৫ উইকেটে মোহনপুরকে, উদয়পুর মাঠে সদর বি দল ৯ উইকেটে আমবাসাকে,

মেলাঘর মাঠে বিশালগড় ৫১ রানে খোয়াইকে, নেপকো মাঠে সদর এ দল ৮ উইকেটে জিরানিয়াকে এবং বিলোনিয়ার মাঠে শান্তিরবাজার ৬৭ রানে সাব্রুমকে পরাজিত করে। ধর্মনগর মাঠে কমলপুর ও কৈলাসহরের খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৩৩.৬ মিলিমিটার।

***************************

***************************